

আমরা ‘থেসপিয়ান ম্যাগাজিন’ সকলের সাথে থেকে বা বলা ভাল সকলের মধ্যে থেকে কাজ করে যেতে চাই। হয়তো কাজ হিসেবে আমরা খুব অল্প কাজ করি কিন্তু সেটা সকলকে নিয়ে করতে চাই। আমরা জানি যে, আমরা একটি ক্ষুদ্র পরিসীমার মধ্যে আবদ্ধ; সেই আবদ্ধতা থেকে একটু বেরিয়ে আসার প্রাথমিক ভাবনা থেকেই আমাদের এই নতুন প্রয়াস। তবে সার্বিক অর্থে, নতুন কিনা জানিনা; তবে আজকের এই কঠিন সময়ে সকলের সাথে থেকে আমরাও নিজেদেরকে একটু সাহস যোগাতে চাই। সেইজন্যই আমাদের এই ক্ষুদ্র উদ্যোগ।

এই পোর্টালে আপনার নিজ সংগঠন/দল/অফিস/বিভাগ/স্কুল/প্রতিষ্ঠানের অথবা আপনার আশেপাশের যেকোনো শিল্প, সংস্কৃতির খবরাখবরের পাশাপাশি নানান ধরনের প্রকাশনা উদ্বোধনী, সেমিনার, সিম্পোজিয়াম, মেলা, উৎসব ইত্যাদি বিষয়ের উপর বিশদ বিবরণ সরাসরি পাঠাতে পারেন আমাদের - যার জন্য কোনোরূপ মাধ্যমের প্রয়োজন নেই। আপনিই নিজেই হতে পারেন আপনার মাধ্যম। আপনার প্রদত্ত নিউজটি আমাদের পোর্টালে সবসময়ের জন্য থেকে যাবে ([See All News](#) – অপশনটি ক্লিক করুন)। আপনি যখন চাইবেন তখনই সেখান থেকে শেয়ার অথবা ডাউনলোড/প্রিন্ট করে নিতে পারবেন।

উল্লেখ্য যে, আপনি ইংরেজী অথবা বাংলা - এই দুটোর যেকোনো একটা মাধ্যমে আপনার লেখাটি পাঠাতে পারেন।

নিয়মাবলী:

সার্ভারে রাখা পুরো ফর্মটি পূরণ করুন। নিম্নে বিশদে দেওয়া হলো কীভাবে আপনি ফর্মটি পূরণ করবেন।

- Your Name- সেকশনে আপনার নাম লিখুন।
- Designation- সেকশনে আপনার দলগত/সংগঠনগত/অফিশিয়াল অবস্থান জানান। যদি কোনো কিছু না থাকে তাহলে হয়তো সদস্য/চাকুরীরত বা এই সংক্রান্ত যে কোনো কিছু আপনার প্রয়োজনমত লিখুন।
- Institutional Affiliation- সেকশনে আপনার সংগঠনের/দলের/অফিসের/বিভাগের/স্কুলের/প্রতিষ্ঠানের পরিচয় লিখুন যার সাথে আপনি যুক্ত।
- News Title- সেকশনে আপনার পাঠানো নিউজ বা ইভেন্টের একটা শিরোনাম লিখুন সর্বোচ্চ দশ শব্দবন্ধের মধ্যে।
- News Brief Description- সেকশনে আপনার পাঠানো নিউজ বা ইভেন্টের একটা ছোট ভূমিকা লিখুন সর্বোচ্চ পঞ্চাশ থেকে আশি শব্দবন্ধের মধ্যে।
- News Description- সেকশনে আপনার পুরো নিউজ বা ইভেন্টের বর্ণনা লিখুন।
- News Picture- সেকশনে আপনার নিউজ বা ইভেন্টের ছবি আপলোড করুন।

পুরো ফর্ম পূরণের প্রক্রিয়াটি সম্পন্ন হলে নীচে লেখা ‘Submit Your News’ ট্যাবে ক্লিক করুন। সাথে সাথে আপনার নিউজটি আমাদের Panel-এ চলে আসবে রিভিউ-এর জন্য। রিভিউ সম্পন্ন হয়ে গেলেই আপনার নিউজটি আমাদের পোর্টালে আপডেট হয়ে যাবে।

এরপরেও অতিরিক্ত সতর্কতা হিসেবে আপনি আমাদেরকে একটা মেইল করতে পারেন ‘আপনার নিউজ পাঠানোর’ কথা লিখে। তার জন্য অনুগ্রহ করে আমাদের [Contact Us](#) পেজটি দেখুন। এখানে Subject লাইনে লিখবেন ‘News and Events’।